# নির্দিষ্টকরণ আইন, ২০১৬

( ২০১৬ সনের ২৯ নং আইন )

### ২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন

যেহেতু ২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**২০১৬-২০১৭ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৪৬৪৫৫৩,৯৭,৮৫,০০০ (চার লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত তিপ্পান্ন কোটি সাতানববই লক্ষ পঁচাশি হাজার) টাকা প্রদান**

২। ২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৪৬৪৫৫৩,৯৭,৮৫,০০০ (চার লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত তিপ্পান্ন কোটি সাতানব্বই লক্ষ পঁচাশি হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।